



রাজধানীতে বৃহস্পতিবার ছাত্র ধর্মঘট আহ্বান

(বিবিসিডায় সঃবাদদাতা) -
 ছাত্র-শিক্ষক কর্মচারীদের ওপর
 গত রোববারে পুলিশী হামলার
 প্রতিবাদে গতকাল সোমবার ঢাকা
 কলেজে পূর্ণ ধর্মঘট পালিত হয়েছে।
 গতকাল সকালেও কলেজের
 সামনে ছাত্র-পুলিশ সংঘর্ষ বাধে।
 এই দু'দিনে পুলিশ যাদের
 গ্রেফতার করে তাদের অধিকাংশই
 গতকাল ছাড়া পেয়েছেন।
 গতকাল সকালে অনুষ্ঠিত
 কলেজের ছাত্র শিক্ষকদের এক
 যৌথ সভায় শিক্ষাক্ষেত্রের পবি-
 ত্রতা ক্ষয় এবং ছাত্র শিক্ষক কর্ম-
 চারীদের মর্যাদা পদনলিত করার
 প্রতিবাদে আগামী ৯ই এপ্রিল রাজ

ধানীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র
 ধর্মঘট আহ্বান করা হয়েছে।
 গতকাল ধর্মঘট চলাকালে
 ঢাকা কলেজের ছাত্রদের একটি
 মিছিল পরশুর ঘটনার প্রতিবাদে
 শ্লোগান দিয়ে বলাকা নিনেয়া
 হলের কাছাকাছি পৌঁছলে পুলিশ
 তাদের ধাক্কা করে কলেজের
 মধ্যে ঢুক পড়ে। ছাত্ররা অভি-
 যোগ করেছেন যে, এ সময় তাদের
 ওপর লাঠিচার্জ এবং একজনকে আটক
 করা হয়। কলেজ অধ্যক্ষ এ সময়
 সচিবালয়ে ছিলেন। তিনি ফিরে
 আসার পর তাঁর সভাপতিত্বে ছাত্র-
 শিক্ষক-কর্মচারীদের এক যৌথ
 (শেষ পৃ: ৬-এর কঃ স্রঃ)

ছাত্র ধর্মঘট আহ্বান (১ন পাতার পর)

প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।
 সভায় পুলিশী হামলার মিন্দা,
 ছাত্রাবাগুলোর ক্ষয়ক্ষতির জন্য
 ক্ষতিপূরণ, আটক ছাত্রদের মুক্তি
 ও ঘটনার তদন্ত করে দোষী ব্যক্তি-
 দের শাস্তি দাবী করা হয়।

পুলিশ গতকাল সকালের
 ঘটনা অস্বীকার করে বলেছে, গত
 পরশু যে ৫০ জনকে গ্রেফতার
 করা হয়েছিল তাঁদের মধ্যে এক-
 জন ছাড়া সবাইকে ছেড়ে দেয়া
 হয়েছে। যাকে ধরে রাখা হয়েছে
 তার নাম এবং গ্রেফতারের কারণ
 পুলিশ জানায়নি।

ঢাকা কলেজের অধ্যক্ষ আবুল
 হোসেন গতকাল জানান, গত দু'
 দিনে পুলিশ যাদের ধরেছে তাঁর
 মধ্যে মাত্র ৬ জন তার কলেজের
 ছাত্র এবং তারা সবাই ছাড়া
 পেয়েছে। এক প্রশ্নের জবাবে তিনি
 বলেন, গতকাল সচিবালয়ে গিয়ে
 তিনি তাঁর ছাত্রদের মুক্তির দাবী
 জানান এবং পুলিশের বাড়াবাড়ির
 কারণে ক্ষোভ প্রকাশ করেন।
 কলেজ অধ্যক্ষ বলেন, টেই পর্ষদ
 সম্পর্কিত উত্তেজনার পর কলেজে
 যখন পুরোপুরি শিক্ষার পরিবেশ
 বিরাজ করছিল তখন পুলিশের
 এই হামলা কলেজের পরিবেশ
 নষ্ট করলো।